

করোনাভাইরাস রোগ ২০১৯ (COVID-19) কি??

করোনাভাইরাস রোগ ২০১৯ (COVID-19) একটি শ্বাসযন্ত্রের অসুস্থতা যা এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তির শরীরে ছড়িয়ে যেতে পারে। যে ভাইরাসের কারণে COVID-19 হয়ে থাকে সেটি এক নতুন ধরনের করোনাভাইরাস যা চীনের ওহান শহরে একটি প্রাদুর্ভাব সম্পর্কে তদন্ত করার সময় প্রথম সনাক্ত করা হয়েছিল।

যুক্তরাষ্ট্রের মানুষেরা কি COVID-19 এ আক্রান্ত হতে পারে?

হ্যাঁ। COVID-19 যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তির শরীরে ছড়িয়ে পড়ছে। COVID-19 এ আক্রান্ত মানুষের সরাসরি সংস্পর্শে আসা মানুষের COVID-19 এ আক্রান্ত হওয়ার ঝুঁকি সবচেয়ে বেশি, যেমন স্বাস্থ্যকর্মী বা পরিবারের সদস্য। আর COVID-19 ছড়াচ্ছে এমন স্থানে যে সকল মানুষ বর্তমানে বসবাস করছে অথবা শীঘ্রই ভ্রমণ করেছে সে সকল মানুষ COVID-19 এ আক্রান্ত হওয়ার বেশি ঝুঁকিতে আছে। বর্তমানে COVID-19 ছড়াচ্ছে এমন স্থানগুলো সম্পর্কে আরও জানুন এই ঠিকানায়
<https://www.cdc.gov/coronavirus/2019-ncov/about/transmission.html#geographic>

যুক্তরাষ্ট্রে কি COVID-19 এ কেউ আক্রান্ত হয়েছে?

হ্যাঁ। যুক্তরাষ্ট্রে COVID-19 এ আক্রান্ত হওয়ার প্রথম ঘটনা ধরা পড়ে ২০২০ সালের ২১শে জানুয়ারি। যুক্তরাষ্ট্রে বর্তমানে COVID-19 এ আক্রান্তের সংখ্যা সিডিসি (CDC) এর ওয়েবসাইটে পাওয়া যাবে এই ঠিকানায়
<https://www.cdc.gov/coronavirus/2019-ncov/cases-in-us.html>

COVID-19 কিভাবে ছড়ায়?

যে ভাইরাসের কারণে COVID-19 হয়ে থাকে তা সম্ভবত কোন পশুর থেকে সৃষ্টি হয়েছে, কিন্তু তা এখন এক মানুষ থেকে অন্য মানুষের শরীরে ছড়িয়েছে। যখন কোন সুস্থ মানুষ কোন COVID-19 আক্রান্ত মানুষের খুব কাছাকাছি আসে (৬ ফুটের মধ্যে) তখন আক্রান্ত ব্যক্তির হাঁচি বা কাশির সময়ে সৃষ্ট কণার মাধ্যমে মূলত এই ভাইরাস ছড়ায় বলে ধারণা করা হয়। আবার এমনও হতে পারে যে যখন কোন মানুষ ভাইরাস সংক্রমিত কোন স্থান স্পর্শ করে ও পরবর্তীতে নিজের মুখ, নাক, অথবা চোখ স্পর্শ করে, তখন তারা COVID-19 এ আক্রান্ত হয়, তবে ধারণা করা হয় যে এটি ভাইরাস ছড়ানোর মূল মাধ্যম নয়। এই নতুন সংযোজিত করোনাভাইরাস সম্পর্কে সকল উপলব্ধ তথ্য জানুন এই ঠিকানায়
<https://www.cdc.gov/coronavirus/2019-ncov/about/transmission.html>

COVID-19 এর লক্ষণগুলো কি?

COVID-19 এ আক্রান্ত রোগীদের মধ্যে হালকা থেকে গুরুতর শ্বাসযন্ত্রের অসুস্থতার পাশাপাশি নিম্নোক্ত লক্ষণগুলো দেখা যায়

- জ্বর
- কাশি
- শ্বাসকষ্ট

The Spanish Group LLC একটি অনুবাদ সংস্থা কর্তৃক অর্জিত।
এই অনুবাদটি সৌজন্যরূপে The Spanish Group কর্তৃক প্রদত্ত যা

সিডিসি (CDC) এর সাথে সংযুক্ত নয়।

<https://thespanishgroup.org/blog/covid-19-bn/>

Translated by The Spanish Group LLC a document translation service. This document translation is provided as a courtesy by The Spanish Group which is not affiliated with the CDC.

এই ভাইরাসের গুরুতর জটিলতাগুলো কী কী?

কিছু রোগীর উভয় ফুসফুসে নিউমোনিয়া হয়, বিভিন্ন অঙ্গ অকেজো হয়ে যায় এবং কিছু ক্ষেত্রে মৃত্যুও হয়ে থাকে।

আমি কিভাবে নিজেকে রক্ষা করতে পারি?

- দৈনন্দিন প্রতিরোধমূলক ক্রিয়ার মাধ্যমে লোকেরা শ্বাসকষ্টজনিত অসুস্থতা থেকে নিজেদেরকে রক্ষা করতে পারে।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।
- অপরিষ্কার হাতে আপনার চোখ, নাক, মুখ স্পর্শ করা থেকে বিরত থাকুন।
- ঘনঘন অন্তত ২০ সেকেন্ড সাবান ও পানি দিয়ে প্রায়ই আপনার হাত ধুয়ে নিন। সাবান এবং পানি না থাকলে কমপক্ষে ৬০% অ্যালকোহলযুক্ত অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

আপনি অসুস্থ হলে, শ্বাসযন্ত্রের অসুস্থতা ছড়িয়ে দেওয়া থেকে বিরত থাকতে, আপনার উচিত

- অসুস্থ অবস্থায় বাড়িতে অবস্থান করা।
- হাঁচি বা কাশি দেয়ার সময় টিস্যু ব্যবহার করা ও তারপর সেটা ময়লার বুড়িতে ফেলে দেয়া।
- প্রায়শই স্পর্শ করা বস্তু ও স্থান পরিষ্কার ও জীবাণুমুক্ত করা।

আমি যদি COVID-19 ছড়াচ্ছে এমন কোনও অঞ্চল সম্প্রতি ভ্রমণ করে থাকি তবে আমার কী করা উচিত?

আপনি যদি আক্রান্ত কোন স্থানে ভ্রমণ করে থাকেন তবে আপনার উচিত ২ সপ্তাহ পর্যন্ত আপনার চলাফেরা সীমাবদ্ধ রাখা। আপনার মধ্যে যদি এই সময়ের মধ্যে লক্ষণগুলো প্রকাশ পায় (জ্বর, কাশি, শ্বাসকষ্ট), তবে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করুন। যাওয়ার আগে স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন, এবং তাদেরকে আপনার ভ্রমণ ও আপনার লক্ষণগুলোর কথা বলুন। আপনি কিভাবে অন্যদেরকে আক্রান্ত না করে স্বাস্থ্যসেবা পেতে পারেন, সে বিষয়ে তারা আপনাকে পরামর্শ দেবেন। অসুস্থ হলে, অন্যদের মাঝে অসুস্থতা ছড়িয়ে দেওয়ার সম্ভাবনা কমাতে মানুষের সংস্পর্শে যাওয়া থেকে বিরত থাকুন, বাইরে যাবেন না, এবং আপনার যে কোন ভ্রমণ পিছিয়ে দিন।

এর কি কোন প্রতিষেধক আছে?

COVID-19 এর কোন প্রতিষেধক বর্তমানে নেই। আক্রান্ত না হওয়ার একমাত্র উপায় হচ্ছে প্রতিদিন প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ, যেমন আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে না যাওয়া ও প্রায়ই হাত ধোয়া।

এর কি কোন চিকিৎসা আছে?

COVID-19 এর কোন নির্দিষ্ট অ্যান্টিভাইরাল চিকিৎসা নেই। COVID-19 এ আক্রান্ত ব্যক্তির উপসর্গ উপশম করতে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারেন।

আরও তথ্যের জন্য: www.cdc.gov/COVID19